

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩২২

১৩/ বিচার কার্য (إلله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ ১. কাজী (বিচারক) প্রসঙ্গে

باب مَا جَاءَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي الْقَاضبِي

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى الصَّنْعَانِيُّ، حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، قَالَ سَمِعْتُ عَبْدَ الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنِ مَوْهَبٍ، أَنَّ عُتْمَانَ، قَالَ لِابْنِ عُمَرَ اذْهَبْ فَاقْضِ بَيْنَ النَّاسِ. قَالَ أُوتُعَافِينِي يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ . قَالَ وَمَا تَكْرَهُ مِنْ ذَلِكَ وَقَدْ كَانَ أَبُوكَ يَقْضِي النَّاسِ. قَالَ إُنِي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ كَانَ قَاضِيًا فَقَضَى قَالَ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ كَانَ قَاضِيًا فَقَضَى بِالْعَدْلِ فَبِالْحَرِيِّ أَنْ يَنْقَلِبَ مِنْهُ كَفَاقًا " . فَمَا أَرْجُو بَعْدَ ذَلِكَ وَفِي الْحَدِيثِ قِصَّةً . وَفِي بِالْعَدْلِ فَبِالْحَرِيِّ أَنْ يَنْقَلِبَ مِنْهُ كَفَاقًا " . فَمَا أَرْجُو بَعْدَ ذَلِكَ وَفِي الْحَدِيثِ قِصَّةً . وَفِي الْمَدِيثِ عَنْ أَبِي هُرَيْرَةً . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ عَنْدُ الْمَالِ بْنُ أَبِي جَمِيلَةً عَرَيبٌ وَلَيْسَ إِسْنَادُهُ عَيْدِي بِمُتَّصِلٍ . وَعَبْدُ الْمَلِكِ الَّذِي رَوَى عَنْهُ الْمُعْتَمِرُ هَذَا هُو عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي جَمِيلَةً عَرْدِي بِمُتَصِلٍ . وَعَبْدُ الْمَلِكِ الْذِي رَوَى عَنْهُ الْمُعْتَمِرُ هَذَا هُو عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي جَمِيلَةً

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثِنِي الْحَسَنُ بْنُ بِشْرٍ، حَدَّثَنَا شَرِيكٌ، عَنِ الأَعْمَشِ، عَنْ سَعْدِ بْنِ عُبَيْدَةَ، عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " الْقُضَاةُ ثَلاَثَةٌ قَاضِيَانِ فِي النَّارِ وَقَاضٍ فِي الْجَنَّةِ رَجُلٌ قَضىَى بِغَيْرِ الْحَقِّ فَعَلِمَ ذَاكَ فِي النَّارِ وَقَاضٍ لَا يَعْلَمُ فَأَهْلَكَ حُقُوقَ النَّاسِ فَهُوَ فِي النَّارِ وَقَاضٍ قَضىَى بِالْحَقِّ فَذَلِكَ فِي النَّارِ وَقَاضٍ اللهِ عَلْمُ اللهَ عَلْمُ اللهَ عَلْمُ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهُ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهُ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهَ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمُ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ عَلْمَ اللهُ اللهُ عَلْمُ اللهُ عَلْمُ اللهُ اللهُ اللهُ عَلْمَ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلْمُ اللّهُ اللهُ اللهُ

বাংলা

১৩২২। আবদুল্লাহ ইবনু মাওহাব (রাহঃ) হতে বর্ণিত আছে, উসমান (রাঃ) ইবনু উমার (রাঃ)-কে বলেন, যাও! লোকদের মাঝে বিচার-ফায়সালা কর। তিনি বললেন, হে মু'মিনদের নেতা! আমাকে কি মাফ করবেন? তিনি বললেন, এ পদটি তুমি কেন অপছন্দ করছ, অথচ তোমার পিতা বিচার-ফায়সালা করতেন? তিনি উত্তরে বললেন,



আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছিঃ কোন ব্যক্তি কাযী (বিচারক) নিযুক্ত হয়ে ইনসাফের উপর বিচার-ফায়সালা করলেও সে বরাবর আমল নিয়ে প্রত্যাবর্তন করবে (না তার কোন গুনাহ আছে আর না তার কোন সাওয়াব আছে)। এরপর আমি আর কি আশা করতে পারি?

যঈফ, মিশকাত, তাহকীক ছানী (৩৭৪৩)। তা'লীকুর রাগীব (২/১৩২) তা'লীক আলা আহাদীস মুখতারাহ (৩৪৮, ৩৪৯)

এ হাদীসের সাথে একটি ঘটনা আছে। এ অনুচ্ছেদে আবৃ হুরাইরা (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবৃ ঈসা বলেন, ইবনু উমার (রাঃ)-এর হাদীসটি গারীব। আমার মতে এ হাদীসের সনদ পরস্পর সংযুক্ত নয়। কেননা যে আবদুল মালিক হতে মুতামির রিওয়াত করেছেন তিনি হলেন আবদুল মালিক ইবনু আবৃ জামীলা।

১৩২২/২। বুরাইদা (রাঃ) হতে বর্ণিত আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কাজীগণ তিন প্রকারের হয়ে থাকে। দুই প্রকারের কায়ী (বিচারক) হচ্ছে জাহান্নামী এবং এক প্রকার কায়ী হচ্ছে জান্নাতী। জেনেশুনে যে লোক (বিচারক) অন্যায় রায় প্রদান করে সে হচ্ছে জাহান্নামী। সত্যকে সম্পূর্ণরূপে উপলব্ধি না করেই যে লোক (বিচারক) মানুষের অধিকারসমূহ নস্যাৎ করে সে লোকও জাহান্নামী। আর যে লোক ন্যায়সঙ্গতভাবে ফায়সালা প্রদান করে (বিচারক) সে জান্নাতের অধিবাসী।

সহীহ, ইরওয়া (২৬১৪), মিশকাত (৩৭৩৫)

English

'Abdullah bin Mawhab narrated that 'Uthman said to Ibn 'Umar: "Go and judge between the people." So he said: "Perhaps you can excuse me (from that) O Commander of the Believers!" He said: "Why do you have an aversion for that when your father judged?" He said: "I heard the Messenger of Allah saying: 'Whoever was a judge and judged with justice, it still would have been better for him to have turned away from it completely.' What do I want after that?'" (Daif).

[Ibn Buraidah narrated from his father that the Prophet (ﷺ) said:
"The judges are three: Two judges that are in the Fire, and a judge that is in Paradise. A man who judges without the truth, and he knows that. This one is in the Fire. One who judges while not knowing, ruining the rights of the people. So he is in the Fire. A judge who judges with the truth, that is the one in Paradise."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মাওহাব (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন